TRUST AXIATA PAY

Form No:

TRUST AXIATA DIGITAL LIMITED

ট্যাপ গ্রাহক একাউন্ট আবেদন ফরম

Photograph Attested by Applicant
নমিনীর ১ কপি পাসপোর্ট সাইজ ছবি হিসাব ধারনকারীর দ্বারা সত্যায়িত
4.5cm 3.5cm

One Copy Passport Size photo
১ কপি পাসপোর্ট সাইজ ছবি
4.5cm 3.5cm

Date: তারিখ: D D M M Y Y Y Y

Customer Type: গ্রাহকের ধরন: ☐ General (সাধারণ) ☐ Corporate (কর্পোরেট) ☐ Merchant (ব্যবসায়ী) ☐ Student (ছাত্র/ছাত্রী)

Please fill all the details in CAPITAL LETTERS Only. (✓) where applicable. Strike off or mark N/A any cases which are not applicable.

Applicant Name আবেদনকারীর নাম ....

tap A/C No ট্যাপ হিসাব নং | 8 | 8 | 0 | 1 | | | | | | | |

Father's Name(পিতার নাম).......... Mother's Name(মাতার নাম)..........

Nationality জাতীয়তা ☐ Bangladeshi ☐ Others .... Date of Birth জন্মতারিখ D D M M Y Y Y Y Gender লিঙ্গ Male পুরুষ ☐ Female মহিলা ☐

Occupation & Sources of Fund পেশার বিবরণ ও আয়ের উৎস ☐ Public Service ☐ Private Service ☐ Business ☐ Others .... Name of (Company/Society/Organisation)

Passport No / National ID / Driving License No পাসপোর্ট নং / জাতীয় পরিচয় পত্র / ড্রাইভিং লাইসেন্স নং

Email: ই-মেইল: .... Please provide email address containing ***gmail*** or ***yahoo***

Present Address (বর্তমান ঠিকানা)

House No/Holding No (বাড়ি নং/হোল্ডিং নং).......... Village/Area (গ্রাম/এলাকা)..........

Union (ইউনিয়ন).......... District (জেলা).......... Thana/Upazila (থানা/উপজেলা)..........

PERMANENT ADDRESS (স্থায়ী ঠিকানা)..........

.... Phone No(ফোন নং) | 8 | 8 | 0 | 1 | | | | | | | | | |

Minor Account Declaration [অপ্রাপ্তবয়স্ক (১৮ বছরের কম) আবেদনকারীর ক্ষেত্রে]

Type of Guardian (অভিভাবকের ধরণ) ☐ Father (পিতা) ☐ Mother (মাতা) ☐ Other (অন্যান্য) ....

Full Name of Guardian (অভিভাবকের সম্পূর্ণ নাম) ☐ Mr.(জনাব) ☐ Ms.(জনাবা)..........

আমি, নিম্ন স্বাক্ষরকারী, উক্ত হিসাবধারীর আইনি অভিভাবক হিসেবে এই মর্মে ঘোষণা দিচ্ছি যে, হিসাবধারী একজন অপ্রাপ্তবয়স্ক। তার সম্পর্কে অ্যাকাউন্ট আবেদন ফর্মে দেয়া দেয়া সব তথ্য সঠিক ও নির্ভুল। যেহেতু, হিসাবধারী একজন অপ্রাপ্তবয়স্ক তাই প্রাপ্তবয়স্ক ঘোষণা না হওয়া পর্যন্ত উক্ত একাউন্টটি আমার মোবাইল নং এবং স্বাক্ষর দ্বারা আইনি অভিভাবক হিসেবে পরিচালিত হবে।

Date তারিখ D D M M Y Y Y Y

Signature of Guardian অভিভাবকের স্বাক্ষর

Name of Nominee(s) Optional (নমিনীর নাম ঐচ্ছিক)		**Address** (ঠিকানা)	**Relationship** (সম্পর্ক)	Share (অংশ)
1				%
2				%

শর্তাবলি

১। ট্যাপ (পরবর্তীতে ‘‘ট্যাপ’’ নামে উল্লিখিত) -এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (‘‘ ট্যাপ সেবা’’) গ্রহণকারী ট্যাপ গ্রাহক নামে পরিচিত হবেন এবং শুধুমাত্র উক্ত গ্রাহকই মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস একাউন্টটির (‘‘ট্যাপ একাউন্ট’’) ব্যবহারকারী হবেন।

২। বাংলাদেশের প্রচলিত আইন, বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস সরবরাহের জন্যে প্রযোজ্য বিধি, বিধান, নীতিমালা, সার্কুলার এবং আদেশ/নির্দেশ অনুযায়ী ট্যাপ একাউন্ট-এর লেনদেন/কার্যক্রম পরিচালিত হবে। ট্যাপ গ্রাহক উক্ত বিধি, বিধান, নীতিমালা প্রভৃতি মেনে চলতে বাধ্য থাকবেন।

৩। প্রযোজ্য ক্ষেত্রে ট্যাপ একাউন্ট নাম্বারটি ট্যাপ সংক্রান্ত সব রকম দলিলে সঠিকভাবে উল্লেখ করতে হবে। ভুল নাম্বার উল্লেখের কারণে কোনো রকম ক্ষয় ক্ষতির জন্যে ট্যাপ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪। ট্যাপ একাউন্ট-এ পর্যাপ্ত ব্যালেন্সের অভাবে লেনদেন সম্পন্ন না হলে তার জন্য ট্যাপ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৫। ট্যাপ গ্রাহক কাউন্টার ত্যাগ করার পূর্বে ট্যাপ একাউন্ট থেকে যথাযথ পরিমাণ ক্যাশ ইন/ক্যাশ আউট/পেমেন্ট ইত্যাদি সম্পন্ন হয়েছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হবেন। পরবর্তীতে কোনো প্রকার অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

৬। ট্যাপ গ্রাহক ট্যাপ সেবা ব্যবহার করে প্রতিটি লেনদেনের পূর্বে প্রাপকের যথার্থতা নিশ্চিত হয়ে প্রযোজ্য ক্ষেত্রে ট্যাপ একাউন্ট নাম্বার, টাকার পরিমাণ, গোপন নাম্বার এবং লেনদেন সংক্রান্ত নির্দেশনা দেয়ার সময় সতর্ক থাকবেন। লেনদেন করার সময় কোনো ভুল তথ্য বা নির্দেশনা প্রদান করলে বা কোনো প্রকার প্রলোভন, মিথ্যা উপস্থাপনা বা প্রতারণার শিকার হয়ে কোনো লেনদেন করলে এর জন্য একমাত্র গ্রাহকই ব্যক্তিগতভাবে এবং এককভাবে দায়ী থাকবেন। ট্যাপ কোনো ক্ষেত্রেই উক্ত লেনদেনকৃত অর্থ ফেরত প্রদানের দায়িত্ব গ্রহণ কিংবা বহন করবে না।

৭। ট্যাপ সেবা সংশ্লিষ্ট সকল মূল্য ও ব্যয় (বৈধ মাসুলসহ) এবং বাংলাদেশ ব্যাংকের প্রবিধি অবলম্বনে সকল সেবা মূল্য এবং/অথবা রক্ষণাবেক্ষণ খরচ সময়ে সময়ে নির্ধারণের ক্ষমতা ট্যাপ কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং এই সকল খরচ ট্যাপ একাউন্ট থেকে কেটে নেয়া হবে।

৮। মানি লন্ডারিং প্রতিরোধ আইন-২০১২, সন্ত্রাস বিরোধী আইন-২০০৯ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সার্কুলার/নীতিমালা অনুযায়ী ট্যাপ গ্রাহক, ট্যাপ-এর চাহিদা মোতাবেক যেকোনো তথ্য ট্যাপ-কে প্রদান করতে বাধ্য থাকবেন।

৯। ট্যাপ গ্রাহকের একাউন্ট ও লেনদেন সংক্রান্ত সকল তথ্যের ক্ষেত্রে ট্যাপ সর্বোচ্চ গোপনীয়তা বজায় রাখবে। তবে নিম্নবর্ণিত যেকোনো ক্ষেত্রে ট্যাপ গ্রাহক সংক্রান্ত যেকোনো তথ্য প্রকাশ/প্রদান করার ক্ষমতা ট্যাপ সংরক্ষণ করেঃ-
- ট্যাপ-এর উপর এখতিয়ারপ্রাপ্ত নিয়ন্ত্রণকারী, তত্ত্বাবধানকারী অথবা সরকারী কোনো কর্তৃপক্ষের প্রয়োজনে
- আদালতের আদেশ অথবা আইন অনুযায়ী অনুমোদিত কোনো ব্যক্তির প্রয়োজনে
- ট্যাপ-এর বিভিন্ন অনুমোদিত কার্যক্রম সম্পাদনের উদ্দেশ্যে যেকোনো সেবা প্রদানকারী অথবা আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থার নিকট

১০। ট্যাপ গ্রাহক তার ট্যাপ একাউন্ট-এর গোপন নাম্বার (PIN) কখনোই কারো কাছে প্রকাশ করবেন না এবং এর সর্বোচ্চ গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যক্তিগতভাবে এবং এককভাবে দায়ী থাকবেন। গোপন নাম্বারের গোপনীয়তা ভঙ্গ বা অপব্যবহারের আশঙ্কা দেখা দিলে অবিলম্বে তা পরিবর্তন করে ফেলবেন। ট্যাপ গ্রাহক কর্তৃক অবহেলা, অসর্তকতা, ভুল বা নাম্বারের গোপনীয়তা ভঙ্গ করার ফলে অথবা গোপন নাম্বারের কোনো প্রকার অপব্যবহারের কারণে ট্যাপ গ্রাহক কোনো ভাবে প্রতারিত এবং/অথবা ক্ষতিগ্রস্থ হলে ট্যাপ কোনোভাবেই দায়ী থাকবে না। মোবাইল ফোন অথবা সিম হারিয়ে গেলে ট্যাপ গ্রাহক তাৎক্ষণিকভাবে ট্রাস্ট আজিয়াটা ডিজিটাল লিমিটেড হেল্প লাইন 16201-এ ফোন করে ট্যাপ একাউন্টটি বন্ধ করে দিবেন এবং পরবর্তী পদক্ষেপের জন্য ট্যাপ এর সাথে যোগাযোগ করবেন।

১১। ট্যাপ গ্রাহক সর্বদা তার ট্যাপ একাউন্ট ব্যবহার করে যেকোনো প্রকার আর্থিক লেনদেন সম্পর্কিত ব্যবসা করা থেকে বিরত থাকবেন। ট্যাপ গ্রাহক যদি এই ফরমের শর্তাবলি লঙ্ঘন করে, প্রতারণা করে বা করার চেষ্টা করে অথবা ট্যাপ-এর বিবেচনায় ট্যাপ গ্রাহকের লেনদেনের আচরণ সন্দেহজনক হলে, গ্রাহকের বিরুদ্ধে কোনো অভিযোগ থাকলে, নিরাপত্তা জনিত বা অন্য যেকোনো যুক্তিসংগত কারণে কোনো পূর্ব ঘোষণা প্রদান ব্যতিরেকে ট্যাপ কর্তৃপক্ষ যেকোনো সময় ট্যাপ গ্রাহকের একাউন্ট স্থগিত করা, বাতিল করা, বন্ধ করা বা ট্যাপ-এর বিবেচনায় সঠিক অন্য যেকোনো ব্যবস্থা গ্রহণ করাসহ যেকোনো প্রকার শাস্তিমূলক বা আইনগত ব্যবস্থা গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে। এক্ষেত্রে ট্যাপ-এর সিদ্ধান্তই চূড়ান্ত ও গ্রাহকের জন্য বাধ্যতামূলক হবে।

১২। ট্যাপ গ্রাহক সর্বদাই ট্যাপ কর্তৃক যেকোনো মাধ্যমে তার কাছে প্রেরিত নির্দেশনাসমূহ মেনে চলতে বাধ্য থাকবেন। অন্যথায়, যথাযথ তদন্ত সাপেক্ষে ট্যাপ কর্তৃপক্ষ উক্ত ট্যাপ গ্রাহকের একাউন্ট স্থগিত করা বা বাতিল করাসহ গ্রাহকের বিরুদ্ধে যেকোনো প্রকার সংশোধনমূলক বা আইনগত ব্যবস্থা নিতে পারবে। এক্ষেত্রে ট্যাপ- কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত ও গ্রাহকের জন্য বাধ্যতামূলক বলে গণ্য হবে। তদন্ত চলাকালীন সময়েও ট্যাপ গ্রাহকের একাউন্ট স্থগিত করে রাখার অধিকার ট্যাপ কর্তৃপক্ষ সংরক্ষণ করে। তবে এসএমএস বা ফোনকলের মাধ্যমে যদি গ্রাহককে কোনো লেনদেন করতে, নির্দিষ্ট সংখ্যা চাপতে কিংবা গোপন নাম্বার বা ট্যাপ একাউন্ট সংক্রান্ত তথ্যাদি প্রকাশ করতে বলা হয়, তবে ট্যাপ গ্রাহক তা ট্যাপ কর্তৃপক্ষের কাছ থেকে যাচাই করা ব্যতীত কোনোভাবেই করবেন না।

১৩। ট্যাপ একাউন্ট সংশ্লিষ্ট সিম কার্ড এবং সিম কার্ড প্রতিস্থাপন সংক্রান্ত যাবতীয় বিষয়াদির জন্য একমাত্র ট্যাপ গ্রাহকই দায়ী থাকবে। ট্যাপ এ সংক্রান্ত কোনো দায়দায়িত্ব কখনোই বহন করবে না।

১৪। ট্যাপ একাউন্ট সংশ্লিষ্ট সিম কার্ড প্রতিস্থাপিত হলে সংশ্লিষ্ট মোবাইল নেটওয়ার্ক অপারেটর -এর কাছ থেকে প্রতিস্থাপন সংক্রান্ত তথ্য পাওয়ার পর ট্যাপ উক্ত ট্যাপ একাউন্টটির কার্যক্রম স্থগিত করে দিবে। বাংলাদেশ ব্যাংক -এর নির্দেশনা অনুসারে অন্তত ২৪ ঘন্টা উক্ত ট্যাপ একাউন্টটির কার্যক্রম স্থগিত থাকবে।

১৫। ট্যাপ গ্রাহককে কোনোরুপ পূর্ব ঘোষণা প্রদান ব্যতিরেকে ট্যাপ যেকোনো সময়ে যেকোনোভাবে বর্তমান নিয়মাবলী সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্ধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৬। ট্যাপ উপযুক্ত নিয়ম-নীতি অনুসারে যেকোনো সময় ট্যাপ গ্রাহকের কাছে প্রচার সংক্রান্ত আইভিআরস (IVRs), ফোন কল অথবা এসএমএস পাঠানোর অধিকার সংরক্ষণ করে।

১৭। ট্যাপ গ্রাহক তার ট্যাপ একাউন্ট সম্পূর্ণরূপে বন্ধ করে দিতে চাইলে, উক্ত একাউন্ট-এ জমাকৃত টাকা শুধুমাত্র যেকোনো ট্যাপ সেবা ব্যবহার করা সাপেক্ষে শূন্য (nil balance) করে একাউন্ট বন্ধ করার আবেদন করতে পারবেন।

১৮। ট্যাপ একাউন্ট-এ জমাকৃত টাকার উপর কোনো প্রকার সুদ প্রদান করার মানদন্ড বা হার নির্ণয় করার যাবতীয় অধিকার ট্যাপ সংরক্ষণ করে। ট্যাপ গ্রাহক সুদ গ্রহণ করতে অনিচ্ছুক হলে ট্রাস্ট আজিয়াটা ডিজিটাল লিমিটেড হেল্পলাইন 16201-এ ফোন করে তা বন্ধ করতে পারবেন।

১৯। কোনো প্রকার অপ্রত্যাশিত অথবা অনিবার্য কারণবশতঃ গ্রাহকের ট্যাপ একাউন্ট চালু করতে বা কোনো সেবা প্রদান করতে বিলম্বের কারণে কর্তৃপক্ষ কোনোভাবেই দায়ী হবে না। ট্যাপ কোনো প্রকার প্রতিজ্ঞাবদ্ধ না হয়ে ট্যাপ সেবা সফলভাবে প্রদান করার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা করে যাবে।

২০। ট্যাপ গ্রাহক ট্যাপ সেবা সংক্রান্ত যেকোনো অভিযোগ ট্রাস্ট আজিয়াটা ডিজিটাল লিমিটেড হেল্পলাইন 16201-এ ফোন করে জানাতে পারেন। ট্যাপ সবসময়ই ট্যাপ গ্রাহকের লেনদেন সম্পর্কিত কোনো দ্বন্দ্ব বা অভিযোগ মীমাংসা করার জন্য তদন্ত পরিচালনা, অভিযোগকারী এবং/অথবা অভিযুক্ত ট্যাপ গ্রাহককে ট্যাপ-এর প্রধান কার্যালয়ে ডেকে পাঠানো, ট্যাপ গ্রাহকের একাউন্ট স্থগিত করা, বন্ধ করা, নিষ্পত্তি করাসহ ট্যাপ-এর বিবেচনায় সঠিক যেকোনো সংশোধনমূলক বা আইনগত ব্যবস্থা গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

জ্ঞাতব্যঃ মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৮ (১) কোন ব্যক্তি জ্ঞাতসারে অর্থের উৎস বা নিজ পরিচিতি বা হিসাব ধারকের পরিচিতি সম্পর্কে বা কোন হিসাবে সুবিধাভোগী বা নমিনি সম্পর্কে মিথ্যা তথ্য প্রদান করিবেন না। মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ এর ধারা ৮ (২) কোন ব্যক্তি উপধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক ০৩ (তিন) বছর পর্যন্ত কারাদন্ড বা অনুর্ধ্ব ৫০,০০০ (পঞ্চাশ হাজার টাকা) পর্যন্ত অর্থদন্ড বা উভয়দন্ডে দন্ডিত হইবেন। আমি আরও সম্মতি দিচ্ছি যে, সময় সাপেক্ষে উপরোক্ত শর্তাবলির যদি কোনো সংশোধন, সংযোজন, বিয়োজন, বা পরিবর্তন হয়, সেসব শর্তাবলিও আমি মেনে চলতে বাধ্য থাকব।

---------------------------- গ্রাহকের স্বাক্ষর/বৃদ্ধাঙ্গুলির ছাপ

--------------------- তারিখ

একাউন্ট খোলার ফরম যথাযথভাবে পূরণ এবং স্পষ্ট ফটোকপি সংযুক্ত করা হয়েছে

-- এজেন্ট-এর স্বাক্ষর	-- ডিস্ট্রিবিউটর-এর স্বাক্ষর
---------------------------------- তারিখ	--------------------------- তারিখ

For Agent Use only (শুধু এজেন্ট এর জন্য প্রযোজ্য)

Agent Name
এজেন্টের নাম ....

tap A/C No
ট্যাপ হিসাব নং

8	8	0	1										

For TADL Use Only (শুধুমাত্র ট্রাস্ট আজিয়াটা ডিজিটাল লিমিটেড প্রযোজ্য)

Authorised Signatory Information ☐ Document Verified

Name: ....

Emp ID .... Designation: ....

TRUST AXIATA PAY